

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৭৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫) ফজর, আসর ও মাগরিব নামাযের পরে যে যিকির পাঠ করতে হয় তার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في أذكار يقولها بعد الصبح والعصر والمغرب

## আরবী

(حسن لغيره) وَعَنْ معاذ بن جبل رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ قَالَ حِينَ يَنْصَرِفُ مَنْ صَلَاةِ الْغَدَاةِ لا إِلَهَ إِلا اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ بِيَدِهِ الْخَيْرُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ عَشَرَ مَرَّاتٍ، أَعْطِيَ بِهِنَّ سَبْعًا، الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ بِيَدِهِ الْخَيْرُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ عَشَرَ مَرَّاتٍ، أَعْطِيَ بِهِنَّ سَبْعًا، الْمُلْكُ وَلَهُ بِهِنَّ عَشَرُ مَسَنَاتٍ، وَمُحِيَ عَنْهُ بِهِنَّ عَشَرُ سَيّئَاتٍ، وَرُفِعَ لَهُ بِهِنَّ عَشَرُ دَرَجَاتٍ، وَكُنَّ لَهُ حِفْظًا مِنَ الشَّيْطَانِ، وَحِرْزًا مِنَ الْمَكْرُوهِ، وَلَمْ وَكُنَّ لَهُ حِفْظًا مِنَ الشَّيْطَانِ، وَحِرْزًا مِنَ الْمَكْرُوهِ، وَلَمْ وَكُنَّ لَهُ حِفْظًا مِنَ الشَّيْطَانِ، وَحِرْزًا مِنَ الْمَكْرُوهِ، وَلَمْ يَلْحَقْهُ فِي يَوْمِهِ ذَلِكَ ذَنْبُ إِلَا الشِّرْكَ بِاللَّهِ، وَمَنْ قَالَهُنَّ حِينَ يَنْصَرِفُ مِنْ صَلَاةِ الْمَغْرِبِ أَعْظِي مِثْلُ ذَلِكَ ليلته ") رواه ابن أبي الدنيا والطبراني بإسناد حسن واللفظ له.)

## বাংলা

8৭৫. (হাসান লি গাইরিহী) মুয়ায বিন জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "যে ব্যক্তি সকালের নামায শেষ করে এই দু'আ পাঠ করবেঃ "লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা-শারীকা লাহু লাহুল মূলকু ওয়ালাহুল হামদু বিয়্যাদিহিল খাইরু ওয়াহুয়া আলা কুল্লি শাইয়িন কাদির" ১০ বার, তাকে সাতটি জিনিস দেয়া হবে। (১) আল্লাহ্ তার জন্য দশটি নেকী লিখে দেন (২) দশটি গুনাহ মোচন করে দিবেন, (৩) দশটি মর্যাদা উন্নীত করবেন (৪) তাকে দশ জন কৃতদাস মুক্ত করার সমপরিমাণ ছোয়াব দেয়া হবে (৫) শয়তান থেকে তাকে হেফাজত করা হবে (৬) সব ধরনের অপছন্দনীয় বস্তু থেকে নিরাপদে রাখা হবে (৭) সেদিন শির্ক ব্যতীত অন্য কোন পাপ তাকে স্পর্শ করতে পারবে না। যে ব্যক্তি এই দু'আটি পাঠ করবে মাগরিব নামাযের পরে তাকেও সারা রাতের জন্য অনুরূপ ছোয়াব দেয়া হবে।

(ইবনে আবিদ্দুনিয়া ও ত্বাবরানী) শায়খ আলবানী বলেনঃ হাদীছটি নাসাঈ সুনান কুবরা গ্রন্থে এবং ইবনে সিন্নী আমালুল ইয়াওম ওয়া লায়লা গ্রন্থে বর্ণনা করেছেন। এ হাদীছের বাক্য ত্বাবরানীর।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন